



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)

তারিখ : ২৪ মে, ২০১৭ খ্রি.

**প্রেসবিজ্ঞপ্তি**

**Vibrant Software (BD) Ltd. ও সামিট টেকনোলজি লি. এর মধ্যে ল্যান্ড লিজ এগ্রিমেন্ট স্বাক্ষর**

Vibrant Software (BD) Ltd. এর সাথে সামিট টেকনোলজি লি. এর একটি ল্যান্ড লিজ এগ্রিমেন্ট আজ বুধবার (২৪ মে, ২০১৭ ইং) তারিখে স্বাক্ষরিত হয়। হোটেল র্যা ডিশন-এ অনুষ্ঠিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

Vibrant Software Ltd. 'বঙ্গবন্ধু হাই-টেক সিটি' এর ব্লক নং ০৫-এ ০৫ একর জমিতে ডাটা সেন্টার এবং হার্ডওয়্যার জোন স্থাপন করবে। প্রতিষ্ঠানটি এই প্রকল্পে ৪০-৪৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। চুক্তিটি সম্পাদিত হলে প্রকল্পের কাজ আরো দ্রুত এগিয়ে নেওয়া সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব জনাব সুবীর কিশোর চৌধুরী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সুশান্ত কুমার সাহা (অতিরিক্ত সচিব) এবং সামিট পাওয়ার লি. এর ভাইস চেয়ারম্যান জনাব মোহাম্মাদ লতিফ খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর ৩৫৫ একর জমির উপর সরকারি বেসরকারী অংশীদারিত্বের ভিত্তিতে নির্মিত বাংলাদেশের প্রথম হাই-টেক পার্ক। উক্ত হাই-টেক পার্ক বাস্তবায়িত হলে প্রায় ১ (এক) লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বর্ণিত হাই-টেক পার্কের ৩৫৫ একর জমির মধ্যে ২৩২ একর জমিকে ০৫টি ব্লকে ভাগ করে তারমধ্যে ব্লক নং ০২ ও ০৫ সামিট টেকনোলজি লি. এর অনুকূলে এবং ব্লক নং ০৩ বাংলাদেশ টেকনোসিটি লি. এর অনুকূলে Design, Build, Finance, Own Operate and Transfer (DBFOOT) মডেলে বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া সরকারি অর্থায়নে প্রাথমিক অবকাঠামো তথা অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, সুয়ারেজ লাইন নির্মাণ, সড়ক বাতি, সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, অভ্যন্তরীণ বিদ্যুৎ লাইন স্থাপন, পানি সরবরাহ লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। বঙ্গবন্ধু হাই-টেক সিটির নিয়োগকৃত ডেভেলপারগণ চুক্তির শর্ত মোতাবেক ১০ বছরের মধ্যে অবকাঠামো নির্মাণের কার্যক্রম সম্পন্ন করবে।

এছাড়া একটি চার তারকা হোটেল নির্মাণ এর জন্য indigo.bd, ল্যাপটপ এবং ট্যাবলেটের হার্ডওয়্যার শিল্প স্থাপনের জন্য EWIS Tech Manufacturing Company Ltd., Renewable Energy and Green Technology Related LED Lightings, Solar Plant and Smart City সম্বলিত হার্ডওয়্যার শিল্প স্থাপনের জন্য WAO Sun-E-LED Co. Ltd. নামীয় প্রতিষ্ঠানের সাথে ব্লক নং ২ ও ৫ এর নির্বাচিত ডেভেলপার সামিট টেকনোলজি লি. এর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে প্রাথমিক অনুমোদন প্রদান করা হয়েছে। অচিরেই এ বিষয়ে চুক্তি স্বাক্ষর করা হবে।

ধন্যবাদসহ

মো. গোলাম কিবরিয়া

জনসংযোগ কর্মকর্তা

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

kibriamcj@gmail.com

pro@bhtpa.gov.bd

মুঠোফোন : ০২৭৩৮-৩৪৬৪৫৮